জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.১৫৯

তারিখ : ২০ আশ্বিন ১৪২৮ / ০৫ অক্টোবর ২০২১

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : সেপ্টেম্বর ২০২১

**০১। অসচ্ছল সংস্কৃতিসেবী ও সাংস্কৃতিক সংগঠনকে অনুদান ও ভাতা প্রদান কার্যক্রম :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরে সক্রিয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে ব্যাপক প্রচার-প্রচারণাপূর্বক বিনামূল্যে আবেদন ফরম ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বিতরণ করা হয়েছে।

**২। মূল্যবোধের অবক্ষয়ের বিরুদ্ধে সাংস্কৃতিক অনুষ্ঠান :** বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'মূল্যবোধের অবক্ষয়ের বিরুদ্ধে ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি ও গবেষক এ কে শেরাম, বিশিষ্ট প্রামাণ্যচিত্র নির্মাতা ও সাংস্কৃতিক সংগঠক জনাব নিরঞ্জন দে। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন হিমেল মাহমুদ, নাফিসা তানজীন, অর্পিতা রাণী তালুকদার অর্ণা, সিমন সায়ন চৌধুরী, দৃষ্টি চক্রবর্ত্তী ও অন্বেষা ভট্টাচার্য্য।

**<u>৩। সোনার মানুষ চাই শীর্ষক অনুষ্ঠান :</u>** বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'সোনার মানুষ চাই' শীর্ষক ভার্চুয়াল অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলা আওয়ামী লীগের সাংস্কৃতিক সম্পাদক শামসুল আলম সেলিম ও সিলেট মহানগর আওয়ামী লীগের সাংস্কৃতিক সম্পাদক রজত কান্তি গুপ্ত । সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন বিথী রাণী নাথ, প্রীতম সূত্রধর, শাহী তাসনোভা ফাইরুজ, প্রিয়াশ্রী কর পিউ, মিথিলা চৌধুরী শৈলী ও চৈতি উপাধ্যায়।

**<u>৪। ২০৪১ : বাংলাদেশ হবে নান্দনিক শীর্ষক অনুষ্ঠান :</u>** বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে '২০৪১ : বাংলাদেশ হবে নান্দনিক' শীর্ষক ভার্চুয়াল অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেটের পরিচালক জুলিয়া যেসমিন মিলি ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট মোঃ বায়েজীদ খান। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন ঈশিতা দাস, প্রিয়াংকা রানী দাস, সাবর্ণী গোস্বামী শুচি, ঋতশ্রী দে ও মনোরমা দাস ধৃতি।

**<u>৫। জঙ্গীবাদ-মাদকাসক্তের বিরুদ্ধে সাংস্কৃতিক অনুষ্ঠান :</u>** বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'জঙ্গীবাদ-মাদকাসক্তের বিরুদ্ধে ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর  আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট-এর উপ-পুলিশ কমিশনার ফয়সল মাহমুদ ও ইসলামিক ফাউন্ডেশন, সিলেটের পরিচালক ফরিদ উদ্দিন আহমেদ। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন লিংকন দাস, অনসূয়া আর্চায্য রাখি, নাঈমুল ইসলাম গুলজার, তুলি রানী দেব, অনুপমা বণিক ও উপাসনা চৌধুরী মেধা।

[চলমান পাতা -২]

<u>৬। শিল্পের শহর সিলেট শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান :</u> বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'শিল্পের শহর সিলেট' শীর্ষক ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট জনাব সাইদুর রহমান ভূঞা ও সম্মিলিত সাংস্কৃতিক জোট, সিলেটের সাধারণ সম্পাদক জনাব গৌতম চক্রবর্তী। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন পল্লবী দাস মৌ, শখে ফরদিা ইয়াসমনি হপেী, তাসনোভা জহির তাম্মি মেঘলা, ফারিয়া তাহসীন প্রীমা, জাওয়াতা আফনান রোজা ও জাহরা জাকিয়া ইসলাম।

<u>৭। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২৫টি নতুন গান আহ্বান :</u> বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধভিত্তিক ২৫টি নতুন গান রেকর্ড করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ১৬ই সেপ্টেম্বর সিলেট জেলার গীতিকারগণের নিকট হতে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধভিত্তিক নতুন গান আহবান করা হয়। গানের কথা, গীতিকারের নাম, মোবাইল নম্বর ও পূর্ণাঙ্গ ঠিকানা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা শিল্পকলা একাডেমি অফিসে সরাসরি অথবা ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

<u>৮। সাইবার অপরাধের বিরুদ্ধে শিল্প শীর্ষক অনুষ্ঠান :</u> বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'সাইবার অপরাধের বিরুদ্ধে শিল্প' শীর্ষক ভার্চুয়াল অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ অধ্যাপক একেএম মাজহারুল ইসলাম ও সম্মিলিত নাট্য পরিষদ, সিলেটের সভাপতি জনাব মিশফাক আহমদ চৌধুরী মিশু। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন প্রতিভা রায় কেয়া, তামান্না ইসলাম, চপল কুন্ডু, দিপংকর সিংহ অনিক, মাইবম আইরিন লৈনা ও কুনাল দেব শ্রেষ্ঠ।

<u>৯। বটতলা কেন্দ্রিক সাংস্কৃতিক শীর্ষক অনুষ্ঠান :</u> বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'বটতলা কেন্দ্রিক ভার্চুয়াল সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রধান বার্তা সম্পাদক, দৈনিক উত্তরপূর্ব জনাব মুক্তাদীর আহমদ ও সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইংরিজি বিভাগের সহকারী অধ্যাপক জনাব প্রণব কান্তি দেব। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সুরভী ব্যানার্জী, ঐশকিা দাস, শ্রাবন্তী ধর, রিচি চক্রবর্তী, মুগ্ধ মৈনাক সরকার ও নিঝুম রায় সুইটি।

<u>১০। নদীকেন্দ্রিক সাংস্কৃতিক অনুষ্ঠান :</u> বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলা এবং জেলা ও উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বেগবানের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিশেষ উদ্যোগের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'নদীকেন্দ্রিক সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিলেট সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক শামীমা চৌধুরী। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সূদীপা দাশগুপ্তা স্বর্ণা, উপমা দাস, প্রিয়া রানি চন্দ, ঐশিক সাহা, তানজিমা খালিদ ও ডেইজি ঘোষ।

<u>১১। মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫তম জন্মদিন উপলক্ষ্যে জাতীয় শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১:</u> মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫তম জন্মদিন উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে দেশব্যাপী 'শেখ হাসিনা : বিশ্বজয়ী নন্দিত নেতা' শীর্ষক 'জাতীয় শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১' এর আয়োজন করা হয়েছে। এ প্রেক্ষিতে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে ২৮ সেপ্টেম্বর ২০২১ বিকাল ৪টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ জেলা শিল্পকলা একাডেমিতে সিলেট জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণ করা হয়।

[চলমান পাতা -৩]

**<u>১২। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :</u>** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমান পরিস্থিতি বিবেচনায় রেখে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে প্রশিক্ষণার্থীদের সুরক্ষিত রাখার লক্ষ্যে ৩০ এপ্রিল ২০২০ থেকে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ ক্লাস শুরু হয়ে ৩১ আগস্ট পর্যন্ত পরিচালিত হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের ব্যবস্থাপনা ও উদ্যোগে দেশের প্রথম সিলেট থেকে এই অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়। শিশু ও সাধারণ বিভাগের প্রায় এক হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে একটি নির্ধারিত ফেসবুক গ্রুপে এই প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হয়ে আসছে। প্রশিক্ষক ও শিক্ষার্থীরা এই সংকটময় মুহূর্তেও প্রণীত সময়সূচি অনুযায়ী বাসা থেকেই কেউ ক্লাস পরিচালনা কিংবা কেউ ক্লাস গ্রহণ করছেন। ২০২১ শিক্ষাবর্ষের প্রশিক্ষণ ক্লাস ১ ফেব্রুয়ারি থেকে অনলাইনে শুরু হয়েছে।

**<u>১৩। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :</u>** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। করোনা সংকট জনিত কারণে স্বাস্থ্যবিধি মেনে বর্তমানে সীমিত পরিসরে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. ১৮ কপি ছবি/ পোস্টার/ প্রোগ্রামের স্ক্রীনশট (সফট কপি)।
২. পেপার কাটিং ২টি।

০৫/০৩/২০২১

**(অসিত বরণ দাশ গুপ্ত)**
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।